



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৪ এপ্রিল ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

### ইউপিডিএফের আগামীকালের অবরোধ রাঙামাটি শহরে শিথিল

বিভিন্ন মহলের অনুরোধের প্রেক্ষিতে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি ইউনিটের ডাকা আগামীকালের (২৫ এপ্রিল) অর্ধ দিবস সড়ক ও নৌপথ অবরোধ রাঙামাটি শহর এলাকায় শিথিল করা হয়েছে, অর্থাৎ রাঙামাটি শহর অবরোধের আওতামুক্ত থাকবে।

আজ ২৪ এপ্রিল ২০২৪, বুধবার ইউপিডিএফ রাঙামাটি ইউনিটের সংগঠক সচল চাকমা সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে উক্ত সিদ্ধান্তের কথা জানিয়েছেন।

তিনি বলেন, ‘অনেকের অনুরোধের প্রেক্ষিতে আমরা রাঙামাটি শহরকে অবরোধের আওতার বাইরে রাখার সিদ্ধান্ত নিয়েছি। সেখানে অবরোধের সমর্থনে আমাদের কোন কার্যক্রম থাকবে না। তবে রাঙামাটি শহর ছাড়া বাকি জেলায় যথারীতি ভোর ৫টা থেকে দুপুর ১২টা পর্যন্ত শান্তিপূর্ণ অবরোধ চলবে।’

উল্লেখ্য, বান্দরবানে কেএনএফ-বিরোধী যৌথ অভিযানের নামে নিরীহ মানুষ হত্যা, নির্বিচার গণ গ্রেফতার, আটক, হয়রানি ও নিত্যপ্রয়োজনীয় জিনিস ক্রয়ের ওপর অন্যায বাধা-নিষেধের প্রতিবাদে ইউপিডিএফ আগামীকাল রাঙামাটি জেলাব্যাপী অর্ধ দিবস সড়ক ও নৌপথ অবরোধের ডাক দেয়।

তবে এ্যামবুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুতের সংযোগ প্রদান ও মেরামতের কাজে ব্যবহৃত গাড়ি, জরুরী ঔষধ, সংবাদপত্র ও সাংবাদিক বহনকারী যান অবরোধের আওতামুক্ত থাকবে বলে সংগঠনটি জানায়।

ইউপিডিএফ নেতৃবৃন্দ উক্ত অবরোধ সফল করার জন্য বাস-ট্রাক-লঞ্চসহ সকল যান ও পরিবহন মালিক ও শ্রমিক সমিতি ও সংগঠনের নেতৃবৃন্দসহ সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।